দৈনিক সংবাদ

84

তারিখ ... 01 APR 1990
পৃষ্ঠা ... ৮ কলাম ... ৮

# বিশ্ববিদ্যালয় খোলার আগে ছাত্রদের নিরাপত্তা জোরদার করার দাবী

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা।।

ডাকসু নেতৃবৃন্দ আগামী ৭ই এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার আগে ক্যাম্পাসে : ছাত্রছাত্রীদের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার দাবী জানিয়েছেন।

গতকাল ডাকসু ভবনে অনুষ্ঠিত ডাকসু নেতৃবৃন্দের এক সভায় এই দাবী জানানো হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয় বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা মূলতঃ সরকারের রাজনৈতিক সততা ও দায়িত্ব পালনের ওপর নির্ভরশীল।

বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু ও হলসমূহ খুলে দেয়ার পূর্বে অবশ্যই সন্ত্রাসকারী অস্ত্রধারী ও খুনের আসামীদের গ্রেফতার করতে হবে।

সভায় হলসমূহে যাতে বহিরাগত ও অস্ত্রধারীরা প্রবেশ করতে না পারে সে ব্যাপারে উদ্যোগ গ্রহণের জন্য সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়।

সভায় সকল ছাত্র সংগঠনকে অস্ত্রধারী, সন্ত্রাসীদের নিজ নিজ সংগঠন থেকে বহিস্কার ও প্রশ্রয় না দেয়ার জন্য আহ্বান জানানো হয়।

সভায় গৃহীত অপর এক সিদ্ধান্তে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়।

ডাকসুর নিয়মিত সাধারণ সভা আগামী মঙ্গলবার সকাল ১০টায় ডাকসু ভবনে অনুষ্ঠিত হবে।